



# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www.brur.ac.bd



স্মারক নং- বেরোবি/রেজি:/GST/ভর্তি/১১৩৮

তারিখঃ ২১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি বিজ্ঞপ্তি (২য় পর্যায়ের চূড়ান্ত ভর্তি)

২০২২-২৩ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে চতুর্থ পর্যায়ে প্রাথমিক ভর্তিকৃত এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ মাইগ্রেশনের মাধ্যমে বিষয় বরাদ্দপ্রাপ্ত (প্রাথমিক ভর্তিকৃত) শিক্ষার্থীদের ২য় পর্যায়ের চূড়ান্ত ভর্তি আগামী ২৭ ও ২৮ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত পরিচালিত হবে। যে সকল শিক্ষার্থী উল্লিখিত সময়ের মধ্যে চূড়ান্ত ভর্তি হতে পারবে না তাদের ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২য় পর্যায়ের চূড়ান্ত ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে ২৭ ও ২৮ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়া প্রাঙ্গনে অবস্থিত ব্যাংক বুথে সংশ্লিষ্ট বিভাগের অবশিষ্ট ভর্তি ফি প্রদান করতে হবে। অবশিষ্ট ভর্তি ফি প্রদানের ব্যাংক রশিদ (ব্যাংকের সীলযুক্ত) সংশ্লিষ্ট বিভাগে প্রদর্শন করে ভর্তি ফরম গ্রহণ করতে হবে। পূরণকৃত ভর্তি ফরম ৩ কপি ও নিম্নোক্ত কাগজপত্রসমূহ সংযুক্ত করে ৩টি সেট প্রস্তুত করে সংশ্লিষ্ট বিভাগে জমাদানের মাধ্যমে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

অন্যান্য বিশ্ববিদ্যালয়ে ইতিপূর্বে চূড়ান্তভাবে ভর্তিকৃত যেসকল শিক্ষার্থী মাইগ্রেশনের মাধ্যমে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ বিষয় বরাদ্দ পেয়েছে সে সকল শিক্ষার্থীদেরকে এই বিশ্ববিদ্যালয়ের ২য় পর্যায়ের চূড়ান্ত ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ৩১০ নম্বর কক্ষে তাদের চূড়ান্ত ভর্তির ফি জমাদানের রসিদের কপি (প্রয়োজ্য ক্ষেত্রে), নম্বরপত্র জমাদানের শিক্ষার্থীর কপি, প্রাথমিক ভর্তি ফি জমাদানের কপি প্রদান করে এই বিশ্ববিদ্যালয়ের ২য় পর্যায়ের চূড়ান্ত ভর্তির অন্যান্য কার্যাদি সম্পাদন করতে হবে।

উল্লেখ্য, আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে চূড়ান্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের ১ম বর্ষ ১ম সেমিস্টারের ক্লাস শুরু হবে।

(ক) বিষয়ভিত্তিক চূড়ান্ত ভর্তি ফি : [ বি:দ্র: চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার ক্ষেত্রে শিক্ষার্থীদের রক্তের গ্রুপ জানা প্রয়োজন ]

বিভাগ	মোট ভর্তি ফি	প্রাথমিক ভর্তি ফি	অবশিষ্ট ভর্তি ফি
বাংলা (BAN)	৯৭৪২.৫০	৫০০০.০০	৪৭৪২.৫০
ইংরেজি (ENG)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
ইতিহাস ও প্রত্নতত্ত্ব (HIS)	৯৮৭০.০০	৫০০০.০০	৪৮৭০.০০
অর্থনীতি (ECO)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
রাষ্ট্রবিজ্ঞান (POL)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
সমাজবিজ্ঞান (SOC)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (GDS)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
গণযোগাযোগ ও সাংবাদিকতা (MCJ)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
লোকপ্রশাসন (PAD)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
ম্যানেজমেন্ট স্টাডিজ (MGT)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
মার্কেটিং (MKT)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০

বিভাগ	মোট ভর্তি ফি	প্রাথমিক ভর্তি ফি	অবশিষ্ট ভর্তি ফি
একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস (AIS)	৯৭৪২.৫০	৫০০০.০০	৪৭৪২.৫০
ফাইন্যান্স এন্ড ব্যাংকিং (FIN)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস (MIS)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
গণিত (MAT)	৯৮৭০.০০	৫০০০.০০	৪৮৭০.০০
পরিসংখ্যান (STA)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০
পদার্থবিজ্ঞান (PHY)	৯৮৭০.০০	৫০০০.০০	৪৮৭০.০০
রসায়ন (CHE)	৯৮৭০.০০	৫০০০.০০	৪৮৭০.০০
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)	৯৯৫৫.০০	৫০০০.০০	৪৯৫৫.০০
ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE)	৯৯১২.৫০	৫০০০.০০	৪৯১২.৫০
ভূগোল ও পরিবেশ বিজ্ঞান (GES)	১০১২৫.০০	৫০০০.০০	৫১২৫.০০
দুর্যোগ ব্যবস্থাপনা (DSM)	৯৬১৫.০০	৫০০০.০০	৪৬১৫.০০

(খ) ফি জমাদানের স্থান : ক্যাফেটেরিয়া প্রাঙ্গনে অবস্থিত ব্যাংক বুথ।

(গ) ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে :

- ১। প্রাথমিক ভর্তির সময় মূল নম্বরপত্র জমাদানের রশিদের (Receipt for Submitted Original Documents) ফটোকপি ৩ কপি।
- ২। পূরণকৃত ভর্তি ফরম ৩ কপি।
- ৩। প্রাথমিক ভর্তি ফি ৫০০০/- টাকা জমাদানের রশিদের ফটোকপি ৩ কপি।
- ৪। চূড়ান্ত ভর্তি ফি জমাদানের রশিদের ফটোকপি ৩ কপি।
- ৫। ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ৩ কপি।
- ৬। এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের ট্রান্সক্রিপ্টের ফটোকপি ৩ কপি।
- ৭। পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,  
✓ *W. Rahman*  
২১.০৮.২০২৩  
রেজিস্ট্রার

ও

সদস্য-সচিব

বেরোবির GST গুচ্ছভুক্ত ১ম বর্ষ স্নাতক (সম্মান)

কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ : ২০২২-২৩)